# বাংলাদেশ ইনস্টিটিউট অব ক্যাপিটাল মার্কেট

বিজিআইসি টাওয়ার, ৩৪, তোপখানা রোড, ঢাকা-১০০০

## প্রেস বিজ্ঞপ্তি

**দিনাজপুর সরকারি কলেজের শিক্ষার্থীদের নিয়ে বিআইসিএম এর বিনিয়োগ শিক্ষা প্রোগ্রাম অনুষ্ঠিত**

দিনাজপুর (২০.০৮.২০২৬):




বাংলাদেশ ইনস্টিটিউট অব ক্যাপিটাল মার্কেট (বিআইসিএম) দিনাজপুর সরকারি কলেজ-এর শিক্ষার্থীদের নিয়ে ‘ইনভেস্টমেন্ট ইন ক্যাপিটাল মার্কেট’ শীর্ষক বিনিয়োগ শিক্ষা প্রোগ্রাম আয়োজন করেছে। আজ ২০ আগস্ট ২০২৬ তারিখ কলেজের অডিটোরিয়ামে এ বিনিয়োগ শিক্ষা প্রোগ্রাম অনুষ্ঠিত হয়।

বিনিয়োগ শিক্ষা প্রোগ্রামের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দিনাজপুর সরকারি কলেজের অধ্যক্ষ অধ্যাপক মো. লুৎফর রহমান। বিশেষ অতিথি ছিলেন উপাধ্যক্ষ অধ্যাপক মো. কামরুল হাসান।

এসময় দিনাজপুর সরকারি কলেজ শিক্ষক পরিষদের সাধারণ সম্পাদক মো. দেলোয়ার হোসেন, প্রোগ্রাম সমন্বয়ক ও সহকারী অধ্যাপক জনাব হামিদুর রহমান, বিআইসিএম এর সহকারী অধ্যাপক জনাব মোঃ হাবিবুল্লাহ, এফসিসিএ ও প্রভাষক জনাব গৌরব রায়সহ কলেজের বিভিন্ন বিভাগের শিক্ষকবৃন্দ উপস্থিত ছিলেন।

বিআইসিএম নিয়মিতভাবে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের পাশাপাশি সরকারি কলেজের শিক্ষার্থীদের নিয়ে পুঁজিবাজার ও আর্থিক বাজারসংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ের উপর প্রশিক্ষণ ও কর্মশালা আয়োজন করে থাকে। এরই অংশ হিসেবে আজ দিনাজপুর সরকারি কলেজে এ আয়োজন করা হয়।

বিআইসিএম-এর সহকারী অধ্যাপক জনাব মোঃ হাবিবুল্লাহ, এফসিসিএ ও প্রভাষক জনাব গৌরব রায় বিনিয়োগ শিক্ষা প্রোগ্রামের বিভিন্ন সেশন পরিচালনা করেন।

ধন্যবাদান্তে,

(মোহাম্মাদ আব্দুল্লাহিল ওয়ারিশ)
জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)
বাংলাদেশ ইনস্টিটিউট অব ক্যাপিটাল মার্কেট
ফোনঃ ০১৭১৮-৭৬৯৮১২
ই-মেইলঃ oarish@bicm.ac.bd